জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ/৭৮৯৪ তারিখ ঃ ২৬/০৬/২০২৫

প্রজ্ঞাপন

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা কর্তৃক জারীকৃত স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০৮.২১-১৯৪, তারিখ-১২/০৫/২০২৫ খ্রি. পত্রের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে যে সমস্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠাসমূহে বিদ্যমান এডহক কমিটি/গভর্নিং বডিতে সভাপতি/বিদ্যোৎসাহী সদস্য হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও ট্রেজারার মহোদয়গণ দায়িত্ব পালন করছেন তাঁদেরকে পরিবর্তনপূর্বক তদস্থলে উক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি/বিদ্যোৎসাহী সদস্য পদে বিভিন্ন ব্যক্তিগণকে মনোনয়ন দেয়া হয়েছে। **উক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ববিদ্যালয় কর্তৃক ই-মেইলে প্রেরিত পত্রে মনোনীত ব্যক্তিদের স্ব-স্ব পদে দায়িত্ব পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষগণকে নির্দেশ প্রদান করা হলো।**

বিঃ দ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে এডহক কমিটি/গভর্নিং বডিতে সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য পদে পাবলিক বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের নামের প্রস্তাব না করার জন্য সংশ্লিষ্ট কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষগণকে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

26-06-2025

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

বিতরণঃ
১. অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ / তারিখ ঃ ২৬/০৬/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা
২। সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫। যুগ্মসচিব (বিশ্ববিদ্যালয় অনুবিভাগ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৬। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৮। পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৯। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর (১), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর (২), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
(প্রজ্ঞাপনটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ মেইলের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
১৩। অফিস কপি।

26-06-2025

কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়